বাগেরহাটে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা অনুষ্ঠিত

বাগেরহাটে নির্যাতনের শিকার নারী ও শিশুর প্রতি সহায়তা প্রদানকারী সংস্থার ভ‚মিকা এবং করনীয়’ শীর্ষক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে শহরের বাসাবাটি এলাকায় ব্র্যাকের জেলা কার্যালয়ের সম্মেলন কক্ষে এই সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন কর্মসূচীর আয়োজনে সভায় প্রধান অতিথি ছিলেন, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হাসনা হেনা।

ব্র্যাকের বাগেরহাট জেলা সমš^য়কারী মোঃ আলমাছুর রহমানের সভাপতিত্বে এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা সমাজসেবা কার্যালয়ের প্রবেশন অফিসার সোহেল পারভেজ, সদর উপজেলা মহিলা ভাইচ চেয়ারম্যান রিজিয়া পারভিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আজগর আলী, জাতীয় মহিলা পরিষদের বাগেরহাট শাখার সভানেত্রী অ্যাড. পারভিন আহম্মেদ,

ব্র্যাকের যশোর আঞ্চলিক ব্যবস্থাপক(সিইপি) প্রশান্ত কুমার দে, আঞ্চলিক ব্যবস্থাপক(দাবি) মো: জসিমউদ্দিন তালুকদার, আঞ্চলিক ব্যবস্থাপক(প্রগতি) মো: মিজানুর রহমান, আঞ্চলিক ব্যবস্থাপক(ইউপিজি) প্রতিমা সাহা,, মো: আব্দুল মান্নান, জেলা ব্যবস্থাপক (এইচআরএলএস) শিখা রানী পাল, সিনিয়র জেলা ব্যবস্থাপক (সিইপি) পলাশ হালদার, সেক্টর স্পেশালিস্ট উৎপলেন্দু মন্ডল, পিও(পিটি) মিঠুন দত্ত, পিও(সিইপি) মো: ইদ্রিস আলী মন্ডল, পিও(সিইপি) মো: আব্দুর রহিম মিয়া প্রমূখ।

বক্তারা বলেন, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রতিটা পরিবার থেকেই গড়ে তুলতে হবে। আইন দিয়ে এটি শতভাগ নিয়ন্ত্রন করা যাবে না। ছেলে ও মেয়ে উভয়কে সমান সুযোগ দিতে হবে। আর এটি প্রতিটি পরিবার থেকেই শিক্ষা নিতে হবে। এজন্য সকলকেই সচেতন হতে হবে। ধর্মীয় ও মানবিক হতে হবে। নারী ও শিশু নির্যাতন বন্ধের জন্য জন্য প্রয়োজন সামাজিক আন্দোলন গড়ে তোলা ও আইনের আরো কঠোর প্রয়োগ দাবী করেন তারা।